

২০২১

বাংলা — সাধারণ

তৃতীয় সেমেস্টার

পত্র : GE/CC-3

(বাংলা কাব্য কবিতা ও নাটক)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) “মন্দির বাহির কঠিন কপাট” —
কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮
অথবা,
(খ) ‘মাথুর’ বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তোমার পাঠ্য পদ অবলম্বনে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ৩+১+৬
- ২। (ক) ‘পুনশ্চ’ কাব্যগ্রন্থের ‘ছেলেটা’ কবিতায় কবি মুক্ত শৈশবের যে মর্মস্পর্শী কথাচিত্র রচনা করেছেন তা নিজের ভাষায় লেখো। ১০
অথবা,
(খ) ‘নষ্টনীড়’ কবিতাটির নামকরণ সার্থক হয়েছে কিনা আলোচনা করো। ১০
- ৩। (ক) ‘রাজা ও রানী’ নাটকে কুমার ও ইলার উপকাহিনীর গুরুত্ব আলোচনা করো। ১০
অথবা,
(খ) ‘রাজা ও রানী’ নাটক অবলম্বনে সুমিত্রা চরিত্রটির পরিচয় দাও। ১০
- ৪। (ক) “চাতক-জলদ কহি সে নহে তুলনা।
সময় নহিলে সে না দেয় এক কণা ॥”
— পদকর্তা কে? অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪
অথবা,
(খ) “তোমার লাগিয়া কলঙ্কের হার
গলায় পরিতে সুখ ॥”
— কোন পর্যায়ের পদ? প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

Please Turn Over

- ৫। (ক) “দিনরাত মনে হয়, কোন্ আধ-মরা জগতের সঙ্গে যেন আষ্টেপৃষ্ঠে বাঁধা পড়ে আছি।”
— কার, কেন এ কথা মনে হয়? ১+৪
- অথবা,
- (খ) “যুদ্ধ ও দুর্ভিক্ষ আসে পরস্পরের মুখে চুমু খেতে খেতে”
— প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ৫
- ৬। (ক) “আগে তারে বন্দী করে আনি। তার পরে যথাযোগ্য করিব বিচার।”
— কে, কাকে, কেন বন্দী করে আনতে চান? ১+১+৩
- অথবা,
- (খ) “কেন বা সম্মতি দিলে ত্রিচূড়রাজ্যের এই অনার্য প্রথায়—”
— কে, কাকে এ কথা বলেছেন? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ১+১+৩
- ৭। **যে-কোনো একটি** প্রশ্নের উত্তর দাও। ৫×১
- (ক) “তোমার কুশলে কুশল মানি”— বক্তা এ কথা কেন বলেছেন তা সংক্ষেপে লেখো।
- (খ) “আজ হাজার বছরের ক্ষুধিত দেখা
দেবতার সঙ্গে ভক্তের।”—
অংশটির তাৎপর্য আলোচনা করো।
- (গ) “অনেক সহেছি বোন, পিতৃপুরুষের
অপমান সহিব কেমনে!”
— প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।
- ৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫
- (ক) “তাতল সৈকত বারিবিন্দু সম” — এটি কোন পর্যায়ের পদ?
- (খ) “আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ” — ‘নবদ্বীপচন্দ’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- (গ) “শিখই ভুজগ-গুরু-পাশে” — ‘ভুজগ-গুরু’-র অর্থ কী?
- (ঘ) “ঘরের বাহিরে দণ্ডে শতবার” — পদকর্তা কে?
- (ঙ) “চরণ-কমল-তলে ঝঙ্করু” — বলতে কী বোঝানো হয়েছে?
- (চ) “তোমার সাহিত্যসম্রাট্ নামে পড়বে কলঙ্ক” — কাকে ‘সাহিত্যসম্রাট্’ বলা হয়েছে?
- (ছ) “ছলাত ছলাত চেউয়ের টানা শব্দ শুনি” — কোন কবিতার অংশ?
- (জ) কে বলেছিল “বড় হও দাদাঠাকুর/তোমাকে আমি তিনপ্রহরের বিল দেখাতে নিয়ে যাবো”?
- (ঝ) ‘বাঁশি’ কবিতায় পিসিদের গ্রাম কোন নদীর তীরে ছিল?
- (ঞ) ‘প্রথম পূজা’ কবিতায় যে মন্দিরটির উল্লেখ আছে সেটি ইতিহাসের পণ্ডিতদের মতে কাদের তৈরি?

- (ট) “ব্রাহ্মণ, তুমি বড়ো কঠিন স্থানে এসেছ, কথা গোপন কর তো বিপদে পড়বে।” — উক্তিটি কার?
- (ঠ) ‘রাজা ও রানী’ নাটকে ত্রিচূড়ের রাজার নাম কী?
- (ড) ‘রাজা ও রানী’ নাটকের দ্বিতীয় ও তৃতীয় অঙ্কে কটি করে দৃশ্য রয়েছে তা উল্লেখ করো।
- (ঢ) “বিরহ তো সামান্য, বজ্রাঘাতেও তোমার কিছু হয় না।” — কাকে একথা বলা হয়েছে?
- (ণ) ‘রাজা ও রানী’ নাটকে শেষ দৃশ্যে সিংহাসনে কে পদাঘাত করেছিলেন?
-